# ঢাকা বিশ্ববিদ্যালয়

## শিক্ষক ও কর্মকর্তাদের বাসা বরাদ্দ কমিটির সভার কার্যবিবরণী

অদ্য ০৩ মার্চ, ২০২৬ তারিখ মঙ্গলবার দুপুর ০২.০০ টার সময় কোষাধ্যক্ষ মহোদয়ের অফিস কক্ষে শিক্ষক ও কর্মকর্তাদের বাসা বরাদ্দ কমিটির সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ:

১. অধ্যাপক মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী, পিএইচডি, কোষাধ্যক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয় — সভাপতি

২. অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফ, সিন্ডিকেট সদস্য, ঢাকা বিশ্ববিদ্যালয় — সদস্য

৩. অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, ডিন, বিজনেস স্টাডিজ অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় — সদস্য

৪. অধ্যাপক ড. মো. সেলিম রেজা, ডিন, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় — সদস্য

৫. জনাব মো. ছানোয়ার হোসেন, সভাপতি (ভারপ্রাপ্ত), ঢা. বি. অফিসার্স এসোসিয়েশন — সদস্য

৬. জনাব মো. ছরোয়ার হোসেন, সাধারণ সম্পাদক, ঢা. বি. অফিসার্স এসোসিয়েশন — সদস্য

৭. কাজী মো. আক্রাম হোসেন, প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), ঢাকা বিশ্ববিদ্যালয় — সদস্য

৮. মিসেস ফাতেমা বিনতে মুস্তফা, এস্টেট ম্যানেজার, ঢাকা বিশ্ববিদ্যালয় — সদস্য-সচিব

অদ্যকার সভায় কোষাধ্যক্ষ মহোদয় কমিটির সকল উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জ্ঞাপন করেন। প্রতি উত্তরে কমিটির উপস্থিত সদস্যবৃন্দ কোষাধ্যক্ষ মহোদয়কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানান এবং কমিটির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য তাঁদের সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

সভার শুরুতে গত ২১-০১-২০২৬ তারিখে অনুষ্ঠিত শিক্ষক ও কর্মকর্তাদের বাসা বরাদ্দ কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

সিদ্ধান্তসমূহ :

(ক) জগন্নাথ হলের আবাসিক শিক্ষক ভবনের বাসায় বসবাসরত প্রাক্তন আবাসিক শিক্ষকদের যৌথ আবেদনে "আপাতত সম্মানিত অধ্যাপকবৃন্দ হলের আবাসিক বাসায় অবস্থান করলে হল কর্তৃপক্ষের কোন আপত্তি নেই" মর্মে প্রাধ্যক্ষ মহোদয়ের সুপারিশের পরিপ্রেক্ষিতে বাসা বরাদ্দ কমিটির সভায় জগন্নাথ হলে আবাসিক সংঙ্কট নাই বিধায় ৪৬ নং ভবনের চারটি বাসা বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রালপুলের বাসা হিসাবে গণ্য করে সনাতনি ধর্মাবলম্বী শিক্ষকদের মধ্যে বরাদ্দ দেওয়ার লক্ষে এস্টেট অফিসকে বুঝিয়ে দেওয়ার জন্য জগন্নাথ হলের প্রাধ্যক্ষ মহোদয়-কে চিঠি দেওয়া হোক।

(খ) শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ বাংলোর সংস্কার কাজ শেষ না হওয়ায় জুন, ২০২৬ তারিখ পর্যন্ত সাময়িকভাবে শহীদ এ. এন. এম. মুনীরউজ্জামান টাওয়ার ভবনের এ-৫ নং বাসাটি উক্ত হলের প্রাধ্যক্ষ ও ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মো. ফারুক শাহ-এর নামে বরাদ্দ দেওয়া হলো।

(গ) কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক এবং সহকারী প্রক্টর ড. মো. মোসাদ্দেক খানের আবেদনের পরিপ্রেক্ষিতে সহকারী প্রক্টরের দায়িত্ব পালনের সুবিধার্থে শহীদ আবুল খায়ের ভবনের ১-সি নং বাসাটি বিশেষ বিবেচনায় তাঁর নামে বরাদ্দ দেওয়া হলো।

(ঘ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের আবাসিক শিক্ষক ভবনের মধ্যে যে সকল বাসার আয়তন ১২৫০ বর্গফুটের বেশী সে সকল বাসায় বসবাসকারী প্রাক্তন আবাসিক শিক্ষকের মেয়াদ শেষ হওয়ার ছয় মাস পর তাঁদের নিকট হতে স্ট্যান্ডার্ড রেন্ট (৪০,০০০/- থেকে ৫০,০০০/-) হারে বাসা ভাড়া কর্তন করা হবে মর্মে চিঠির পরিপ্রেক্ষিতে স্ট্যান্ডার্ড রেন্ট হারে বাসা ভাড়া কর্তন না করার যৌথ আবেদনের বিষয়ে তাঁদের নিকট হতে বাসা ভাড়া কর্তন সংক্রান্ত সিদ্ধান্ত ও মতামত প্রদানের জন্য প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটিতে পাঠানো হোক।

(ঙ) শিক্ষকদের চার কক্ষ বিশিষ্ট যে সকল বাসা খালি আছে/খালি হবে সে সকল বাসা গুলো পয়েন্ট সিনিয়রিটির ভিত্তিতে নিম্নোক্ত ভাবে বদলী বরাদ্দ/বরাদ্দ দেওয়া হলো :

| ক্র. নং | নাম, পদবী ও বিভাগ | পয়েন্ট | কাজে যোগদান | মূল বেতন ৩১-১২-২০২৫ | বসবাসকৃত বাসা | বরাদ্দকৃত বাসা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ড. মো. মফিজুর রহমান<br>অধ্যাপক<br>গণযোগাযোগ ও সাংবাদিকতা বি. | ৮২৮-৭ | ১০-০৯-১৯৯৭ | ৭৬,৪৯০ | বি-৯<br>টাওয়ার ভবন | ডি-৩<br>শহীদ মুনীর চৌধুরী | খালি |

| ক্র. নং | নাম, পদবী ও বিভাগ | পয়েন্ট | কাজে যোগদান | মূল বেতন ৩১-১২-২০২৫ | বসবাসকৃত বাসা | বরাদ্দকৃত বাসা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ২ | ড. এ.এফ.এম. মোস্তাফিজুর রহমান অধ্যাপক, ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ | ৮১৯-০ | ০৬-০৯-২০০৬ | ৭৬,৪৯০ | ৬৬/জি (৪র্থ) গিয়াস উদ্দিন আ/এ | বি-৯, শহীদ মুনীরউজ্জামান টাওয়ার ভবন | খালি হওয়া সাপেক্ষে |
| ৩ | ড. সানজিদা আক্তার অধ্যাপক উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ | ৭৮৭-১০ | ২৩-০৭-২০০৭ | ৭৪,৪০০ | ২৮/জে (৫ম) ঈশা খাঁন রোড আ/এ | ৩৮/এইচ ঈশা খাঁন রোড আ/এ | খালি |
| ৪ | জনাব সোহানা মাহবুব অধ্যাপক, বাংলা বিভাগ | ৭৫২-১০ | ৩১-০৭-২০১০ | ৭১,৫৩০ | | ৮৫/এ গিয়াস উদ্দিন আ/এ | খালি |
| ৫ | জনাব শহিদুল হাসান সহযোগী অধ্যাপক, ইতিহাস বি. | ৭৫১-৪ | ২৫-০৪-২০০৯ | ৭১,২০০ | ৫৫/সি (২য়) জসিম উদ্দিন হল | ৮৫/আই গিয়াস উদ্দিন আ/এ | খালি |

(চ) শিক্ষকদের তিন কক্ষ বিশিষ্ট এবং সাব-স্ট্যান্ডার্ড যে সকল বাসা খালি আছে/খালি হবে সে সকল বাসা গুলো পয়েন্ট সিনিয়রিটির ভিত্তিতে নিম্নোক্তভাবে বদলী বরাদ্দ/বরাদ্দ দেওয়া হলো :

| ক্র. নং | নাম, পদবী ও বিভাগ | পয়েন্ট | কাজে যোগদান | মূল বেতন ৩১-১২-২০২৫ | বসবাসকৃত বাসা | বরাদ্দকৃত বাসা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ড. মুহাম্মদ রুহুল আমিন অধ্যাপক, তাত্ত্বিক পদার্থবিজ্ঞান বি | ৭৫২-১১ | ০৩-০৭-২০১০ | ৭১,৫৩০ | | ২৮/জে (৫ম) ঈশা খাঁন রোড আ/এ | খালি হওয়া সাপেক্ষে |
| ২ | জনাব মো. মুখলেছুর রহমান সহযোগী অধ্যাপক, ফিন্যান্স বি. | ৭৫১-১ | ২৮-০১-২০১০ | ৭১,২০০ | ৫৫/ডি জসিম উদ্দিন হল | ৬৬/জি (৪র্থ) গিয়াস উদ্দিন আ/এ | খালি হওয়া সাপেক্ষে |
| ৩ | মোহাম্মদ সাইফুল আলম চৌধুরী সহযোগী অধ্যাপক গণযোগাযোগ ও সাংবাদিকতা বি. | ৭৫১-০ | ০১-০৭-২০০৯ | ৭১,২০০ | | ৩৬/জি উত্তর ফুলার রোড আ/এ | খালি হওয়া সাপেক্ষে |

(ছ) শিক্ষকদের যে সকল গ্যারেজ/পার্কিং খালি আছে/খালি হবে সে সকল গ্যারেজ/পার্কিং গুলো পয়েন্ট সিনিয়রিটির ভিত্তিতে নিম্নোক্তভাবে বদলী বরাদ্দ/বরাদ্দ দেওয়া হলো :

| ক্র. নং | নাম, পদবী ও বিভাগ | পয়েন্ট | কাজে যোগদান | মূল বেতন ৩১-১২-২০২৫ | বসবাসকৃত বাসা | ব্যবহৃত গ্যারেজ/পার্কিং | বরাদ্দকৃত গ্যারেজ/পার্কিং | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ড. আসিফ নজরুল অধ্যাপক আইন বিভাগ | ৮৫৬-২ | ২৮-০৫-১৯৯১ | ৭৮,০০০ | ২০/ই দ.ফুলার রোড আ/এ | | ৪৬ নং গ্যারেজ দ. ফুলার রোড আ/এ | খালি |
| ২ | ড. মো. আমিনুল ইসলাম ভূঁইয়া অধ্যাপক, প্রাণিবিদ্যা বিভাগ | ৮৩৩-২ | ২৭-১১-২০০২ | ৭৮,০০০ | এফ-৩ মুনীর চৌধুরী | | ৪১ নং পার্কিং মুনীর চৌধুরী | খালি |
| ৩ | ড. মুহাম্মদ জাবেদ হোসেন অধ্যাপক উদ্ভিদ বিজ্ঞান বিভাগ | ৮১৭-০ | ৩০-০৬-২০০৩ | ৭৬,৪৯০ | ২-বি শহীদ আবুল খায়ের ভবন | | ৭ নং পার্কিং শহীদ আবুল খায়ের ভবন | খালি |
| ৪ | ড. মো. আব্দুল মান্নান অধ্যাপক, আন্তর্জাতিক সম্পর্ক বি. | ৮১৪-৫ | ১৬-১০-২০০৪ | ৭৬,৪৯০ | ৮৬/সি শহীদ গিয়াস উদ্দিন আ/এ | | ১২০ নং গ্যারেজ শহীদ গিয়াস উদ্দিন আ/এ | খালি |
| ৫ | জনাব মো. জয়নাল আবদীন সিনিয়র ল্যাব. ইনস্ট্রাক্টর তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যব. বিভাগ | ৫৬৮-১০ | ১৭-০২-২০১৩ | ৫৫,১১০ | ৪৯/এ উ. ফুলার রোড আ/এ | | ৪৯ নং গ্যারেজ উ. ফুলার রোড আ/এ | খালি |
| ৬ | জনাব মো. আলাউদ্দিন সহকারী গ্রন্থাগারিক ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার | ৫৫১-৭ | ১২-০৫-২০০৪ | ৫২,৫০০ | রাসেল টাওয়ার | ১৯ নং পার্কিং রাসেল টাওয়ার ভবন | ১৮ নং পার্কিং রাসেল টাওয়ার ভবন | খালি |

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(অধ্যাপক এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, পিএইচডি)
কোষাধ্যক্ষ ও সভাপতি
বাসা বরাদ্দ কমিটি, ঢাকা বিশ্ববিদ্যালয়।